সমকাল

তারিখ ... 30 OCT 2016 ...
পৃষ্ঠা ...২...৩ কলাম ...৫... ......

# তদবিরের বিরুদ্ধে কঠোর শিক্ষা মন্ত্রণালয়

সমকাল প্রতিবেদক

ক্লাস ফাঁকি দিয়ে বা দায়িত্বে অবহেলা করে নিজের বদলির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে এসে তদবির করতে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের শিক্ষকদের প্রতি নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বদলির আশায় শিক্ষা মন্ত্রণালয়ে আগমনকারী সরকারি শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

তদবির নিষিদ্ধ করে গত বৃহস্পতিবার মন্ত্রণালয়ের শাখা-৬ (কলেজ) থেকে শিক্ষক-কর্মকর্তাদের এ বিষয়ে নিরুৎসাহিত করে এ-সংক্রান্ত একটি আদেশ জারি করা হয়। এতে বলা হয়, বদলি-সংক্রান্ত আবেদনের হার্ডকপি কোনোভাবেই শিক্ষা মন্ত্রণালয়ে গ্রহণ করা হবে না। একই সঙ্গে বদলি-সংক্রান্ত আবেদন নিয়ে সশরীরে আসা যাবে না। আদেশে আরও বলা পৃষ্ঠা ১৫ : কলাম ১

## তদবিরের বিরুদ্ধে কঠোর

[শেষ পৃষ্ঠার পর]

হয়, জরুরি প্রয়োজনে মন্ত্রণালয়ে আসতে হলে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আসতে হবে। অন্যথায় ক্লাস ফাঁকি কিংবা দায়িত্বে অবহেলা করে মন্ত্রণালয়ে আগমনকারী শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, প্রতিদিনই দেশের বিভিন্ন স্থান থেকে বদলির তদবির নিয়ে মন্ত্রী, সচিব ও কর্মকর্তাদের শরণাপন্ন হচ্ছেন শিক্ষক-কর্মকর্তারা। এতে শিক্ষা মন্ত্রণালয়ের স্বাভাবিক কাজকর্মে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। বদলিপ্রত্যাশীরা বেশির ভাগ ঢাকায় বদলির তদবির করেন। তদবিরে আসা শিক্ষকদের কাছে মন্ত্রণালয়ের কিছু কর্মচারী অর্থ লেনদেনও করে থাকেন। এ অবস্থায় বদলির জন্য সশরীরে আসা নিষিদ্ধ করে শিক্ষক-কর্মকর্তাদের অনলাইনে আবেদন করার পরামর্শ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ উল্লেখ করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কাছে চিঠি পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, অনলাইনে পাওয়া বদলির আবেদন যাচাই-বাছাই করে নিয়ম অনুযায়ী সিদ্ধান্ত নেবে মন্ত্রণালয়। এতে কর্মকর্তাদের ভোগান্তি কমবে এবং স্বচ্ছতা আসবে। বদলির আবেদন ই-মেইলে (ds_college@moedu.gov.bd) এবং সিসি (sas_coll@moedu.gov.bd) মেইলে পাঠাতে পরামর্শ দেওয়া হয়েছে। এ-সংক্রান্ত আবেদনের নমুনা ওয়েবসাইটে দিয়েছে মন্ত্রণালয়।